[একই স্মারক ও তারিখের বিকল্প আদেশ]
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-২).৩১১৫

তারিখ: ০৯/১০/২০২৩ খ্রি.

**বিষয়: ২০২৪ শিক্ষাবর্ষে সারাদেশের সকল সরকারি (জাতীয়করণসহ) ও বেসরকারি (মহানগরী ও জেলার সদর উপজেলা পর্যায়ের) মাধ্যমিক বিদ্যালয়ে ১ম শ্রেণি থেকে ৯ম শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত।**

সূত্র: গত ০৪/১০/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪ শিক্ষাবর্ষে সারাদেশের সকল সরকারি (জাতীয়করণসহ) ও বেসরকারি (মহানগরী ও জেলার সদর উপজেলা পর্যায়ের) মাধ্যমিক বিদ্যালয়ে ডিজিটাল লটারির মাধ্যমে ১ম শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থী ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে। উক্ত ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার লক্ষ্যে আপনার প্রতিষ্ঠানের **শূন্য আসনসহ অন্যান্য তথ্যাদি আগামী ১০/১০/২০২৩ হতে ১৭/১০/২০২৩ খ্রিষ্টাব্দের** মধ্যে টেলিটক বাংলাদেশ লিমিটেড এর লিংক **gsa.teletalk.com.bd** এ প্রবেশ করে টেলিটক কর্তৃক প্রদত্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে প্রদান করতে হবে। তথ্য প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলি আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে।

- ➢ কোন শ্রেণি/শাখার বিপরীতে শিক্ষার্থীর চাহিদা সংখ্যা কোনভাবেই ৬০ (ষাট) জনের বেশি প্রদান করা যাবে না;
- ➢ তথ্য ফরমে ঢাকা মহানগরীর প্রতিষ্ঠান প্রধানগণ প্রতিষ্ঠান সংলগ্ন সর্বোচ্চ ০৩টি থানাকে (পুলিশ স্টেশন) ক্যাচমেন্ট এরিয়া হিসেবে নির্ধারণ করবেন;
- ➢ তথ্য ফরমের ব্যাংক সংক্রান্ত তথ্যে অবশ্যই প্রত্যেক প্রতিষ্ঠানগণ অনলাইন ব্যাংক হিসাব নম্বর ও রাউটিং নম্বর প্রদান করবেন। কোন প্রকার এনালগ নম্বর প্রদান করা যাবে না;
- ➢ রেজিস্ট্রেশন ফরম পূরণের সময় কোন প্রকার ভুল তথ্য প্রদান করা হলে এবং এ বিষয়ে পরবর্তীতে কোন জটিলতা তৈরি হলে তথ্য প্রদানকারী প্রতিষ্ঠান প্রধান ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

এমতাবস্থায়, ২০২৪ শিক্ষাবর্ষের ভর্তি প্রক্রিয়া স্বচ্ছতার সাথে সম্পন্ন করার লক্ষ্যে নির্ধারিত তারিখের মধ্যে সকল সম্মানিত প্রতিষ্ঠান প্রধানকে রেজিস্ট্রেশন ফরম পূরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৯.১০.২০২৩

**(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)**
পরিচালক (মাধ্যমিক)
☎ ৪১০৫০২৮৫

**বিতরণ:**

১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক
সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও স্কুল এন্ড কলেজ (সকল)

২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও স্কুল এন্ড কলেজ (সকল মহানগরী ও জেলার সদর উপজেলা পর্যায়)

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
০২। জেলা প্রশাসক, সকল জেলা
০৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল ;
[পত্রের নির্দেশনা যথাযথ বাস্তবায়ন হচ্ছে কিনা তা নিশ্চিতকরণের অনুরোধসহ]
০৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল;
[আপনার আওতাধীন প্রতিষ্ঠানসমূহে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্নকরণের অনুরোধসহ]
০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
[পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
০৬। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা;
[আপনার আওতাধীন প্রতিষ্ঠানসমূহে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্নকরণের অনুরোধসহ]
০৭। উপজেলা নির্বাহীঅ অফিসার, সকল উপজেলা
০৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা;
[আপনার আওতাধীন প্রতিষ্ঠানসমূহে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্নকরণের অনুরোধসহ]
০৯। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
১০। সংরক্ষণ নথি।

তারিখ ঃ ১০/১০/২০২৩খ্রি.

স্মারক নং-জেশিঅ/ময়মন/২০২৩/৪০২২

১। প্রধান শিক্ষক (সকল) সরকারি মাধ্যমিক বিদ্যালয়, জেলা-ময়মনসিংহ। (পূর্ব পৃষ্ঠায় বর্ণিত মাউশি, ঢাকার ০৯/১০/২০২৩ খ্রি. তারিখের ৩১১৫ নং স্মারকের জারীকৃত শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত সংশোধিত পত্রটি পরবর্তী কার্যার্থে প্রেরণ করা হলো)।

২। প্রতিষ্ঠান প্রধান (সকল) জেলার সদর উপজেলা, জেলা- ময়মনসিংহ। (পূর্ব পৃষ্ঠায় বর্ণিত মাউশি, ঢাকার ০৯/১০/২০২৩ খ্রি. তারিখের ৩১১৫ নং স্মারকের জারীকৃত শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত সংশোধিত পত্রটি পরবর্তী কার্যার্থে প্রেরণ করা হলো।

৩। অফিস নথি।

১০/১০/২৩
( মোহছিনা খাতুন )
জেলা শিক্ষা অফিসার
ময়মনসিংহ।
ফোন ঃ ০২৯৯৬৬৬২২৩০
deomymen@yahoo.com

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

২। পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।

৪। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।

৫। উপজেলা নির্বাহী অফিসার................................ময়মনসিংহ।

৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), জেলা- ময়মনসিংহ। (পত্রের বিষয়ে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করার অনুরোধসহ)।

৭। অফিস নথি।